গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৫৯৩

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৯
১৪ জুন ২০২২

বিষয়: **সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টি এবং বিভিন্ন খাতে বিতরণের জন্য সড়ক পথে মোট ২৭২০ মে.টন আমন'২১-২২ সিদ্ধ চালের চলাচলসূচি**

সূত্র: জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ এর ০৭/০৬/২০২২ খ্রি. তারিখের ১৩.৩০.৪৮০০.০০০.০৩.০১৯.২১.৬৩৮ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কিশোরগঞ্জ জেলার এলএসডিসমূহে জুন-আগষ্ট'২২ মাস পর্যন্ত বিভিন্ন খাতে বিতরণের জন্য ৪৩০০ মে.টন বিতরণযোগ্য চালের চাহিদা সূত্রস্থ ১ নং স্মারকে প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে চলমান সংগ্রহ কার্যক্রম সফল করার জন্য এবং খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে রাজশাহী বিভাগের বিভিন্ন খাদ্য গুদাম হতে মোট ২৭২০ মে.টন আমন'২১-২২ সিদ্ধ চাল ঢাকা বিভাগের এলএসডির খালি জায়গা, বর্তমান মজুত, সাশ্রয়ী রুট বিবেচনায় নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালন শর্তে নির্দেশক্রমে জারি করা হলো।

**সড়ক পথে আমন'২১-২২ সিদ্ধ চালের চলাচলসূচিঃ**

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | জয়পুরহাট | জয়পুরহাট এলএসডি | ঢাকা | কলতাবাজার এলএসডি | ৩০০ | আমন'২১-২২ সিদ্ধ চাল | সড়ক পথ | চসসা বিভাগ উপসূচি জারি করবেন |
| ২. | ঐ | ঐ | কিশোরগঞ্জ | কিশোরগঞ্জ এলএসডি | ১০০ | ঐ | ঐ | |
| ৩. | বগুড়া | মির্জাপুর এলএসডি | ঐ | ঐ | ২০০ | ঐ | ঐ | |
| ৪. | ঐ | নশরৎপুর এলএসডি | ঐ | ঐ | ১০০ | ঐ | ঐ | |
| ৫. | ঐ | ঐ | ঐ | পাকুন্দিয়া এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| ৬. | ঐ | সান্তাহার সিএসডি | ঐ | ঐ | ৫০ | ঐ | ঐ | |
| ৭. | ঐ | ঐ | ঐ | করিমগঞ্জ এলএসডি | ১৫০ | ঐ | ঐ | |
| ৮. | ঐ | ঐ | ঐ | হোসেনপুর এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| ৯. | ঐ | ঐ | ঐ | কটিয়াদী এলএসডি | ১০০ | ঐ | ঐ | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১০. | ঐ | সান্তাহার ওয়্যারহাউস | ঐ | ঐ | ১০০ | ঐ | ঐ | |
| ১১. | ঐ | ঐ | ঐ | তাড়াইল এলএসডি | ১৫০ | ঐ | ঐ | |
| ১২. | ঐ | ঐ | ঐ | নিকলী দামপাড়া এলএসডি | ১০০ | ঐ | ঐ | |
| ১৩. | ঐ | ঐ | ঐ | নিকলী দামপাড়া (হিঃ ইটনা) এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| ১৪. | ঐ | ঐ | ঐ | নিকলী দামপাড়া (হিঃ মিঠামইন) এলএসডি | ১২০ | ঐ | ঐ | |
| ১৫. | ঐ | ঐ | ঐ | ভৈরব এলএসডি | ১৫০ | ঐ | ঐ | |
| ১৬. | ঐ | ঐ | ঐ | বাজিতপুর এলএসডি | ১৫০ | ঐ | ঐ | |
| ১৭. | ঐ | ঐ | ঐ | কুলিয়ারচর এলএসডি | ১৫০ | ঐ | ঐ | |
| ১৮. | ঐ | ঐ | ঐ | ভৈরব এলএসডি (হিঃ বাঙ্গালপাড়া) এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| | | | | মোট = | ২৭২০ (দুই হাজার সাতশত বিশ) | | | |

**নির্দেশনাসমূহ:**

১। এই সূচি বাস্তবায়নের ক্ষেত্রে খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচলসূচি প্রণয়ন নীতিমালা ২০০৮ অনুসরণ করতে হবে।

২। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারক, ২৯/১১/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারক ও ২২/০৫/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৪৭৮ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে;

৩। সুচির আওতায় প্রেরিতব্য খাদ্যশস্যের বস্তায় প্রযোজ্য ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে নির্দেশনা অনুযায়ী সাইলো/ওয়্যারহাউজ বা এলএসডি/সিএসডিতে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহকৃত খাদ্যশস্যের বস্তার অপর পৃষ্ঠে ডিজিটাল প্রিন্ট স্টেন্সিলের স্পষ্ট ছাপ প্রদান নিশ্চিত করতে হবে; স্টেনসিলবিহীন খাদ্যশস্য পরিবহণ করতে ঠিকাদারগণ বাধ্য নহেন;

৪। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে এবং সংশ্লিষ্ট জেখানির বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৫। চলাচল সূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার ও ওয়ারেন্টি মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ট্রাক-এ প্রেরিত চালের ভৌত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

৭। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না; ভি-ইনভয়েসে পণ্যের গুণগতমান ও ধরন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। সূচির মেয়াদ আগামী ২২/০৬/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্য ক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোঝাইকেন্দ্রে পরিবহণযানসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে;

১৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক এই সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষ এর অনুমোদন রয়েছে।



১৪-৬-২০২২
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপ-পরিচালক

প্রাপক :
১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
২) সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলো
৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জয়পুরহাট/বগুড়া

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৫৯৩/১(১০)

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৯ / ১৪ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:
১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
২) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৩) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, .......................................
৮) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯) ব্যবস্থাপক, .......................................... সিএসডি
১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ....................................... এলএসডি



১৪-৬-২০২২
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপ-পরিচালক